



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2022

গভর্নর ক্যাথি হোকল

মেমোরিয়াল ডে এর শ্রদ্ধাঞ্জলিতে আজ রাতে নিউইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলোকে লাল, সাদা, ও নীল আলোকসজ্জায় সজ্জিত করতে গভর্নর হোকলের ঘোষণা

ইশতেহার জারি করা হয়েছে সার্ভিস সদস্যদের স্মরণে যারা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন

ভেটেরান এবং সার্ভিস সদস্যদের মধ্যে আত্মহত্যা রোধ করার জন্য "ওরিড অ্যাবাবাউট এ ভেটেরান" (Worried About a Veteran) অনলাইন রিসোর্স চালু করা হয়েছে

অনলাইন রিসোর্স পরিবারের সদস্যদের এবং কেয়ারগিভারদের মানসিক স্বাস্থ্য সংকটের সম্মুখীন হওয়া ভেটেরান এবং সার্ভিস সদস্যদের সাথে কথা বলতে সাহায্য করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আজ 30 মে, 2022 তারিখ রাতে নিউ ইয়র্ক স্টেট জুড়ে ল্যান্ডমার্কগুলো মেমোরিয়াল ডে এর স্মরণে লাল, সাদা ও নীল রঙে আলোকিত করা হবে। এছাড়াও, মেমোরিয়াল ডে উপলক্ষে সার্ভিস সদস্যদের, যারা তাদের রাষ্ট্র ও জাতির জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন তাদেরকে সম্মান প্রদর্শনের জন্য গভর্নর হোকল একটি ইশতেহার জারি করেছেন।

"যারা আমাদের রাষ্ট্র ও জাতির সেবায় সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন তাদের জীবনকে স্মরণ করতে এবং মনে রাখতে আমাদের একান্ত বাধ্যবাধকতা রয়েছে," বলেছেন **গভর্নর হোকল**। "তাদের জীবন ও সেবা মনে করিয়ে দেয় যে, আমাদের স্বাধীনতা ও মুক্তি অপরিমেয় মূল্যের বিনিময়ে এসেছে—এই ত্যাগ আজ এবং আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীরা মনে রাখবে।"

মেমোরিয়াল দিবসের স্বীকৃতিস্বরূপ যেসব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)  
গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)  
কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)  
এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং  
রাষ্ট্রীয় শিক্ষা ভবন

আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)  
স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার  
"ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ  
গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট  
অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)  
লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স  
এম্পায়ার স্টেট প্লাজা  
নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)

**নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স সার্ভিসেস বিভাগ (New York State Division of Veterans' Services) এর ডিরেক্টর ভিভিয়ানা ডিকোহেন বলেন,** "আমরা সকল সার্ভিস সদস্যদের স্মরণ করি যাদের আত্মত্যাগের কারণে আমরা সবাই যে জীবন ধারা উপভোগ করছি তা রক্ষা করার জন্য তারা সবকিছু ত্যাগ করেছেন। সর্বোচ্চ বলীদানের মাধ্যমে তারা তাদের স্বজন নিউ ইয়র্কবাসী ও আমেরিকানদের জন্য যা করেছেন এবং দিয়েছেন সেগুলোর প্রতি সম্মান জানিয়ে আমরা তাদের সেবাকে স্মরণ করি। আমরা তোমাদের ভুলবো না।"

এছাড়াও গভর্নর হোকল **ওরিড অ্যাভাউট এ ভেটেরান** এর উদ্বোধন ঘোষণা করেছেন—যা WAV নামেও পরিচিত—এটি একটি নতুন অনলাইন প্রাণসংশয় সংক্রান্ত জাতীয় নিরাপত্তা রিসোর্স যা ভেটেরান এবং সার্ভিস সদস্যদের মধ্যে আত্মহত্যা প্রতিরোধে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে। দুই বছরেরও বেশি সময় ধরে ভেটেরান্স সার্ভিসেস বিভাগ এবং মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health) কর্তৃক তৈরি, এই পরিবার-কেন্দ্রিক রিসোর্স মানসিক স্বাস্থ্যগত দুর্দশার সময় একজন ভেটেরান বা সার্ভিস সদস্যের সাথে কথা বলার ক্ষেত্রে সামরিক পরিবার এবং কেয়ারগিভাদের সাহায্য করে।

সার্ভিস সদস্য, ভেটেরান এবং তাদের পরিবারের মধ্যে আত্মহত্যা প্রতিরোধের জন্য দেশব্যাপী গভর্নরের চ্যালেঞ্জের উপর কর্মরত নিউ ইয়র্ক স্টেট প্রতিনিধি দলের অংশীদারদের সাথে DVS ও OMH ঘনিষ্ঠভাবে কাজ করেছে।

5 মে, 1866 তারিখে নিউ ইয়র্কের ওয়াটারলু গ্রামে মেমোরিয়াল ডে প্রথম স্বীকৃতি লাভ করে, যখন ভেটেরান এবং নাগরিক নেতারা গৃহযুদ্ধে যারা নিহত হয়েছেন তাদের প্রতি সম্মান জানাতে কবরস্থানে শ্রদ্ধা নিবেদনের জন্য কমিউনিটির তিনটি কবরস্থানে যাত্রা করেছিলেন। 1971 সালে, মেমোরিয়াল ডে আনুষ্ঠানিকভাবে একটি ফেডারেল ছুটির দিন এবং জাতীয় শোক দিবস হিসেবে এবং যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীতে কর্মরত অবস্থায় প্রাণ দানকারী ব্যক্তিদের স্মরণে স্বীকৃতি লাভ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)